

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.২৬৮.২০১৭- ২৫১৬


তারিখঃ ১৮ জুলাই ২০১৭  
০৩ শ্রাবণ ১৪২৪

বিষয় : রীট পিটিশন নং-৭০৯৩/২০১৭ বাদী জনাব মোঃ বদিউজ্জামাল সওদাগর, পিতা-মৃত- জাবেদ আলী, গ্রাম-  
রিংগিপাড়া, থানা- কাউখালি, জেলা- রাঙ্গামাটি ও অন্যান্য -বনাম-সরকার ও অন্যান্য।

রাঙ্গামাটি পার্বত্য জেলায় এবং অন্যত্র রাজা ত্রিদিব রায়ের নামে থাকা সকল স্থাপনার নাম পরিবর্তনের দাবীতে রীট পিটিশন নং-৭০৯৩/২০১৭ দায়ের করা হয়েছে। মহামান্য আদালত ৯০ (নব্বই) দিনের মধ্যে রাজা ত্রিদিব রায়ের নামে থাকা সকল স্থাপনার নাম পরিবর্তনের আদেশসহ রুল ইস্যুপূর্বক জবাব দাখিলের নির্দেশ দিয়েছেন। মাননীয় আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজিতে অনুচ্ছেদওয়ারী ঘটনার বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মাননীয় আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।

  
(মোহাম্মদ শফিউল আরিফ)  
উপসচিব  
ফোন-৯৫৪০১৯৭

জেলা প্রশাসক  
রাঙ্গামাটি।

অবগতি/ কার্যার্থে অনুলিপি :

- ১। উপসচিব (পৌর-১ শাখা) স্থানীয় সরকার বিভাগ। (দফাওয়ারী জবাব সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। মেয়র, রাঙ্গামাটি পৌরসভা, রাঙ্গামাটি।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অফিস কপি।